



টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)

ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান
ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঞ্জী, গাজীপুর ১৭১০
E-mail: mdtss@tss.com.bd, Website: www.tss.com.bd
Phone: 02-9814747, 02-9817877; Fax: 02-9812700



উন্নত মান ও বিশ্বস্ত সেবার পথিকৃৎ

স্মারক নং- ১৪.৩৬.০০০০.০০৭.১১.০০১.২১.১৫৫

তারিখ: ২৮-১১-২০২১ খ্রিঃ

টেশিস-এর চুক্তিভিত্তিক আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন টেলিফোন শিল্প সংস্থা লিঃ (টেশিস) এর নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তে আগ্রহী বাংলাদেশী আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবিসহ শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্তিপূর্বক আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টঞ্জী, গাজীপুর-১৭১০ বরাবরে রেজিস্ট্রার ডাকযোগে প্রেরিত দরখাস্ত আগামী ২৮/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। উক্ত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি উপস্থিত হয়েও আবেদন করা যাবে।

০১। **শিক্ষাগত যোগ্যতাঃ** প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ও এলএলএম/বার অ্যাট-ল/ ডক্টরেট ডিগ্রীধারী হতে হবে।

০২ **বয়সঃ** ০১/১২/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৩৫ বছর ও সর্বোচ্চ ৫৫ বছরের মধ্যে হতে হবে।

০৩। **অভিজ্ঞতাঃ**

(ক) প্রার্থীকে অবশ্যই মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে।

(খ) বাংলাদেশের বিভিন্ন এখতিয়ার সম্পন্ন কোর্টে আইনজীবী হিসেবে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) প্রার্থীর কমপক্ষে ৩ কোটি টাকা মূল্যমানের দেনা-পাওনা সম্পর্কিত আর্বিট্রেশন বিষয়ে আইনজীবী এবং/ অথবা আর্বিট্রেটর হিসেবে বিভাগে ন্যূনতম ২ (দুই) টি সালিশীর অভিজ্ঞতা থাকতে হবে।

(ঘ) প্রার্থীর টেলিকম সেক্টরের কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।

(ঙ) সরকারি/স্বায়ত্ত্ব শাসিত/সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আইন উপদেষ্টা হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।


০৪। **সম্মানীঃ** প্রার্থী কোম্পানির আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের জন্য বিবেচিত হলে চুক্তি সম্পন্ন করার জন্য আলোচনা সাপেক্ষে (প্রযোজ্য আয়কর কর্তনের পর) রিটেনার ফি ও পরামর্শক ফি নির্ধারণ করা হবে। প্রযোজ্য ভ্যাট টেশিস পরিশোধ করবে।

০৫। **চুক্তির মেয়াদঃ** ০২ (দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য। তবে ০৩ (তিন) মাসের নোটিশ প্রদান করে যে কোন পক্ষ চুক্তির অবসান ঘটাতে পারবে।

০৬। আগ্রহী প্রার্থীদের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাৎকারোত্তর কোম্পানির আইন পরামর্শক হিসেবে নির্বাচিত ব্যক্তির যোগ্যতাভিত্তিক মেধা তালিকা প্রস্তুতকরতঃ মেধা তালিকার ১ম স্থানের ব্যক্তির সাথে চুক্তি সম্ভব না হলে ক্রমাগত পরের অবস্থানের ব্যক্তিকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারে অবতীর্ণ হওয়ার জন্য কোন ভাতা প্রদান করা হবে না।

০৭। টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/ প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। টেশিস কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। আইন পরামর্শক নিয়োগের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিঃদ্রঃ নিয়োগ বিজ্ঞপ্তিটি টেশিসের ওয়েবসাইটে (www.tss.com.bd) পাওয়া যাবে।


(সাইদ মাহমুদ)

মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)

টেশিস, টঞ্জী, গাজীপুর